অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওলিনে আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টার উদ্বোধনের ঘোষণা করলেন

আফ্রিকান আমেরিকানদের আঞ্চলিক ইতিহাস এবং সংস্কৃতি সংরক্ষণ করার জন্য প্রকল্পটি ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের তহবিল পেয়েছে

সম্পূর্ণ হওয়া প্রকল্পের ছবি এখানে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ওলিনে আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারের (African American Center for Cultural Development, AACCD) শুভ উদ্বোধন করা হয়েছে। স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) অংশ হিসেবে 214 নর্থ ব্যারি স্ট্রিটের ঐতিহাসিক একটি বাড়ির সংস্কার অলাভজনক সংগঠনটির একটি স্থায়ী অবস্থান প্রদান করেছে। সংগঠনের মিশন হলো অঞ্চলটির আফ্রিকান আমেরিকানদের প্রতিভা, জীবন, এবং ইতিহাস উদযাপনের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং সাউদার্ন টিয়ার অঞ্চলের সমৃদ্ধ ও বৈচিত্র্যময় কৃষ্ণাঙ্গ ইতিহাস ও সংস্কৃতিকে মূল্য দেওয়া, এর প্রচার করা এবং একে সংযোজিত করা।

"সেন্টারের কাজ শেষ হওয়ার ফলে আমাদের ল্যান্ডমার্কের তালিকায় আরেকটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান যোগ হয়ে যা নিউ ইয়র্কে কৃষ্ণাঙ্গ ইতিহাস শেখাবে, সংরক্ষণ করবে, এবং উদযাপন করবে," **গভর্নর হোকল বলেন।** "স্টেটের সমর্থনের কারণে, ডেলা মুরের দৃঢ় নেতৃত্বের অধীনে ওলিনে আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টার খুলে দেওয়া হয়েছে এবং এটি আগামী বহু বছর ধরে বাসিন্দা ও পর্যটকদের কাছে এই অঞ্চলে ও আমাদের স্টেটে কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের অবদানের গল্প বলবে।"

2010 সালে সক্রিয়তাবাদী এবং সম্প্রদায়ের নেতা ডেলা মুরের প্রতিষ্ঠিত আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারটি পাঁচজন ব্যক্তির সাধারণ স্বপ্ন থেকে বিকশিত হয়েছে ওলিন এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও সাউদার্ন টিয়ার অঞ্চলে আফ্রিকান আমেরিকান ইতিহাসের প্রচার করছে। বহু বছর অস্থায়ী কোয়ার্টারে অবস্থান করার পর, 2022 সালে একটি স্থানীয় ব্যবসা সেন্টারটির স্থায়ী অবস্থান হিসেবে 1891 সালে নির্মিত একটি দুইতলা, 2,850 বর্গফুটের বাড়ি দান করে।

আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক ডেলা মুর বলেন, "ঈশ্বর যে আমাদের এতদূর নিয়ে এসেছেন তার জন্য আমি অত্যন্ত আনন্দিত। আমাদের

সমর্থকদের ঘাম, সময়, এবং তহবিলের জন্য তাদের সকলকে ধন্যবাদ। সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া এবং জড়িত হওয়া সকলের সাহায্য ছাড়া আমরা আজকের এই আনন্দঘন দিনে পৌঁছাতে পারতাম না। এই আফ্রিকান আমেরিকান সেন্টারটি আমাদের সকলের। এখন পর্যন্ত, আমরা কাজ শেষ করে প্রথম দুয়ারটি উন্মোচন করতে পেরেছি। আমি জানি আপনারা সকলেই এর জন্য গর্ব করবেন। ঈশ্বর আমাদের সকলের মঙ্গল করুন।"

ভবনের সংস্কারে মধ্যে রয়েছে একটি নতুন HVAC ব্যবস্থার সংযোজন, একটি নতুন এলিভেটর, একটি নতুন বাণিজ্যিক রান্নাঘর স্থাপন এবং একটি নতুন বাথরুম স্থাপন। এছাড়াও ভবনকে প্রতিবন্ধীদের জন্য অ্যাক্সেসিবল করতে এর পরিবর্তন করা হয়েছে, সকল পৃষ্ঠকে নতুনভাবে রং করা হয়েছে, নতুন মেঝে লাগানো হয়েছে, এবং নতুন জাদুঘরের প্রদর্শনী ক্রয় ও স্থাপন করা হয়েছে।

ছবি, প্রদর্শনী, বই এবং এলাকায় ও এলাকার আশেপাশে বড় হওয়া মানুষের মুখে বর্ণিত স্মৃতির মাধ্যমে সেন্টারটির উদ্দেশ্যে অতীতের গল্প বলা, এবং একই সাথে ভবিষ্যৎ প্রজন্মের জন্য এই ঐতিহ্যকে সংরক্ষণ করা। মিটিং, শো, শিক্ষামূলক প্রেজেন্টেশন, এবং বিভিন্ন সাংগঠনিক ইভেন্টের ব্যবস্থা করার জন্য একাধিক কম্পিউটার স্টেশন, একটি মুভি স্ক্রিন, এবং সাউন্ড সিস্টেমের বিল্ট-ইন ব্যবস্থা দ্বারা দর্শনার্থীরা সেন্টারে সাংস্কৃতিক সম্পদ উপভোগ করবে। এছাড়াও সেন্টারে একটি নতুন অবস্থানে আফ্রিকান আমেরিকান সংস্কৃতির একটি জাদুঘর থাকবে।

2017 সালের আগস্ট মাসে ওলিন সিটিকে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের রাউন্ড 2 এর বিজয়ী ঘোষণা করা হয়েছিলো। আফ্রিকান আমেরিকান সেন্টার প্রকল্পটি DRI থেকে 225,000 মার্কিন ডলার পেয়েছে, এবং একই সাথে সমর্থক দাতাদের থেকে বহু উপহার পেয়েছে।

আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারের পাশাপাশি, ওলিন সিটি পাঁচটি সরকারি কাজের প্রকল্পের জন্য DRI এর মাধ্যমে 5.45 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে, যার মধ্যে আছে নর্থ ইউনিয়ন স্ট্রিটস্কেপ উন্নয়ন, এবং সাউথ ইউনিয়ন স্ট্রিট, ওয়েস্ট স্টেট স্ট্রিট, ইস্ট স্টেট স্ট্রিট এবং ওক হিল পার্কের উন্নয়ন। DRI তহবিলপ্রাপ্ত অন্যান্য প্রকল্পের মধ্যে রয়েছে ওল্ড লাইব্রেরি রেস্টুরেন্ট অ্যান্ড ইন, ফোর মাইল ব্রিউয়িং, এবং 319 এবং 321 নর্থ ইউনিয়ন স্ট্রিটের একসারি ঐতিহাসিক ভবনের সংস্কার। এছাড়াও ডাউনটাউন সম্পত্তিতে বিনিয়োগ উৎসাহিত ও সমর্থন করার জন্য একটি ডাউনটাউন পুনরুজ্জীবন ও পুনর্বাসন তহবিল স্থাপন করা হয়েছে।

সেন্টারের উদ্বোধন হলো আফ্রিকান আমেরিকান ইতিহাস কমিশনের 400 বছরের কাজের অনুবর্তী এবং এটিকে বিস্তৃত করে, 2022 সালে গভর্নর হোকল আফ্রিকান আমেরিকান এবং কৃষ্ণাঙ্গ নিউ ইয়র্কবাসীদের ব্যাপক বিস্তৃত অবদান, অর্জন এবং অবদানকে বৃদ্ধি করতে এবং উদযাপন করতে কমিশনটিকে শুরু করেন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "গভর্নর হোকলের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের প্রকল্পসমূহ পুরো স্টেটে আরো প্রাণবন্ত সিটি সেন্টার তৈরি করছে। আফ্রিকান আমেরিকান সেন্টারটি অঞ্চলের সাংস্কৃতিক ঐতিহ্যকে সংরক্ষণ করতে একটি

গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এবং একই সাথে ডাউনটাউন ওলিনের পুনর্জন্মকে অগ্রসর করে।"

নিউ ইয়র্ক স্টেটের ভারপ্রাপ্ত সচিব ব্রেন্ডন সি হিউজ বলেন, "আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারের উদ্বোধন হলো স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের মাধ্যমে ওলিন সিটির রূপান্তরের আরো একটি মাইলফলকের নিদর্শন। প্রকল্পটি অঞ্চলের সমৃদ্ধ কৃষ্ণাঙ্গ ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে জানা ও এর উদযাপন করার জন্য বাসিন্দাদের জন্য একটি নতুন স্থান তৈরি করতে ডাউনটাউন ওলিনের সবথেকে প্রাচীন ভবনের সংস্কার করার মাধ্যমে দুইটি সম্প্রদায়ের সুবিধাকে এক করেছে। গুরুত্বপূর্ণ এই সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে একটি স্থায়ী অবস্থান প্রদান করার জন্য সাহায্য করতে পেরে ডিপার্টমেন্ট অফ স্টেট খুশি, এবং ভবিষ্যতে এর ইতিবাচক প্রভাব দেখার জন্য আমরা উন্মুখ।"

স্টেটের সিনেটর জর্জ এম বোরেলো বলেন, "আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারের শুভ উদ্বোধন হলো উদযাপনের একটি সত্যিকারের কারণ। এই মুহূর্তটি প্রতিষ্ঠাতা ডেলা মুরের আবেগ ও নিবেদন দ্বারা তৈরি হওয়া একটি ভিশনের চূড়ান্ত রূপের এবং এমন একটি শিক্ষা সংস্থান প্রতিষ্ঠিত হওয়ার প্রতিনিধিত্ব করে যা নিশ্চিত করবে যে আগামী বহু প্রজন্ম ধরে অঞ্চলটিতে আফ্রিকান আমেরিকানদের অবদান জানা ও উদযাপন করা হয়। যে DRI তহবিলটি এটিকে করা সম্ভব করেছে, এবং সেই সাথে বহু বেসরকারি দান হলো এই প্রকল্পের বিকাশের সাথে যেই বিস্তৃত সমর্থন ও উৎসাহ জড়িয়ে ছিলো তার একটি প্রতিফলন। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, ওলিন সিটি, এবং এই অর্জনকে সম্ভব করা সকল ব্যক্তি ও ব্যবসার প্রতি আমার আন্তরিক ধন্যবাদ রইলো। আগামী বছরগুলিতে আরো সাফল্য দেখার জন্য আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য জোসেফ এম. জিগিলো বলেন, "এটি শুধু ওলিনের জন্য নয়, বরং আমাদের সম্পূর্ণ স্টেটের জন্য একটি দারুণ দিন। আজকে আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারের ফিতা কাটা ও শুভ উদ্বোধন হলো ডেলা মুরের আস্থা, ধৈর্য এবং অধ্যবসায়ের প্রত্যক্ষ ফলাফল। আমাদের অঞ্চলের আফ্রিকান আমেরিকান ইতিহাস সংরক্ষণ করতে ও আগামী প্রজন্মসমূহের কাছে পৌঁছে দেওয়া নিশ্চিত করতে 10 বছরের বেশি সময় ধরে ডেলা সকল প্রতিবন্ধকতা পার করেছেন। আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারে অবদান রাখা সকল স্বেচ্ছাসেবক এবং দাতাকে ধন্যবাদ এবং এই প্রকল্পের গুরুত্ব অনুধাবন করার জন্য এবং আমাদের সম্প্রদায়ে বিনিয়োগ করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ।"

ওলিন সিটির মেয়র উইলিয়াম আইয়েলো বলেন, "আমাদের ডাউনটাউনে আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারকে একটি স্থায়ী অবস্থান পেতে দেখে ওলিন সিটি আনন্দিত এবং এটি যে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের তহবিল পেয়েছে তার জন্য খুশি। সেন্টারটি আমাদের সম্প্রদায়ের একটি মূল অংশ হয়ে উঠেছে এবং আফ্রিকান আমেরিকানদের সমৃদ্ধ স্থানীয় ও জাতীয় ইতিহাসের প্রচারে ডেলা মুর নিরলসভাবে কাজ করেছেন। তার ইতিবাচক মনোভাব ও উৎসাহ, যা তিনি যার সাথেই দেখা করেন তার মধ্যে ছড়িয়ে দিতে পারেন, তা এই স্বপ্নে ইন্ধন প্রদান করেছে, এটিকে বাস্তবে পরিণত করেছে এবং এই অনন্য সাংস্কৃতিক এবং শিক্ষামূলক প্রতিষ্ঠানকে স্থান দেওয়ার লাভ ওলিনের ডাউনটাউন জেলা উপভোগ করবে।"

ক্যাটারাগাস রিজিয়ন কমিউনিটি ফাউন্ডেশনের (Cattaraugus Region Community Foundation) নির্বাহী পরিচালক কার্ক উইন্ডাস বলেন, "CRCF এ আমরা এই প্রকল্পটিকে বাস্তব করতে আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টারকে সমর্থন করার আনন্দ পেয়েছি। এটি মূল্যবান কাজ যা আমাদের মিশনের সাথে সামঞ্জস্যপূর্ণ, যা হলো দানের মাধ্যমে জীবন উন্নত করা, আমরা জানি যে জাতীয়ভাবে ও স্থানীয়ভাবে আফ্রিকান আমেরিকান সম্প্রদায়ের ঐতিহ্য ও সংস্কৃতিকে উদযাপন করার মাধ্যমে AACCD আমাদের সম্প্রদায়ের মানুষের জীবন সমৃদ্ধ করবে। যেসব গল্প ও ইতিহাস উদযাপনের যোগ্য সেগুলি উদযাপন করতে AACCD কী কাজ করে তা দেখার জন্য আমরা উন্মুখ।"

আফ্রিকান আমেরিকান কালচারাল ডেভেলপমেন্ট সেন্টার সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ

2016 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ তৈরি করা হয়েছিল রাজ্যের সব দশটি অঞ্চলের শহরতলি এবং পাড়াগুলির পুনরুজ্জীবনকে ত্বরান্বিত করতে এবং বিস্তৃত করার জন্য কার্যকলাপের কেন্দ্র এবং বিনিয়োগের জন্য অনুঘটক হিসাবে কাজ করার জন্য। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অব স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী “পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন” কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে হাঁটার যোগ্য ডাউনটাউন তৈরি করে যা কোভিড-19 মহামারীর প্রভাব থেকে নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতি পুনর্গঠন করার ব্যাপারে স্টেটকে সাহায্য করার একটি মুখ্য উপাদান এবং সেই সাথে গণপরিবহনের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করে।

কর্মসূচির প্রথম সাত বছরে, স্টেট ৪00 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে, পুনর্গঠন, ব্যবসা, চাকরি তৈরি, বৃহত্তর অর্থনীতি এবং আবাসন বৈচিত্র্য ও সুযোগের চুম্বক হয়ে উঠার সম্ভাবনা সম্পন্ন, পুনরুজ্জীবনের জন্য সম্পূর্ণ প্রস্তুত ৪1টি ডাউনটাউনে বিনিয়োগ করেছে। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন